...এ সবই সম্ভব হয়েছে ...াতে উত্তীর্ণ
...এ কলেজে শিক্ষার্থীদের
...সায় ও নিবেদিতপ্রাণ শিক্ষকদের অধ্যব-
...মিলিত প্রচেষ্টায়।
...সকলের অবগতির জন্য জানানো
...হচ্ছে, যে কোন ছাত্রীর অসদুপ...

দৈনিক সংবাদ

৩৬

তারিখ 13 DEC 1988
পৃষ্ঠা ৫ কলাম ৭

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

## নওগাঁ সরকারী মহিলা ডিগ্রী কলেজে অধ্যক্ষ চাই

নওগাঁ সরকারী মহিলা ডিগ্রী কলেজ, নওগাঁ জেলার নারী শিক্ষার উচ্চ পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান। এই শিক্ষা-প্রতিষ্ঠান প্রায় পাঁচ বছর পূর্বে সরকারীকরণ হবার পর এর প্রশাসনিক দায়িত্বে কোন স্থায়ী ব্যক্তিকে নিয়োগ না করার ফলে বর্তমানে এখানে শিক্ষার কোন পরিবেশ নেই। অস্থিরতা, অরাজকতা, নৈরাজ্য, নানান অব্যবস্থা ও অনিয়মতান্ত্রিক কার্যকলাপ এই কলেজে এখন এক স্থায়ী ব্যবস্থায় পরিণত হয়েছে। নওগাঁ জেলার শিক্ষানুরাগী মহল ও শিক্ষার্থীদের অভিভাবকবৃন্দ বিষয়গুলো সম্পর্কে ওয়াকিবহাল হওয়া সত্বেও এর কোন স্থায়ী সমাধান করতে পারছে না।

নওগাঁ সরকারী মহিলা ডিগ্রী কলেজের শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে ও কলেজ প্রশাসন সুষ্ঠু পরিচ্ছন্নভাবে পরিচালনার জন্য একজন অভিজ্ঞ এবং দায়িত্ব সম্পন্ন অধ্যক্ষের প্রয়োজন।

এ ব্যাপারে সংশ্লিষ্ট সহলের আকর্ষণ করছি।

সাবরিনা সুলতানা

নেত্রা গত্কাল এক

## হাটহাজারীতে কৃষি কলেজ চাই

বাংলাদেশ কৃষিপ্রধান দেশ। কৃষি শিক্ষা এই দেশের জন্য অপরিহার্য। বাংলাদেশের চারটি বিভাগের মধ্যে তিনটি বিভাগে কৃষি কলেজ ও একটি কৃষি বিশ্ববিদ্যালয় রয়েছে। কিন্তু চট্টগ্রাম বিভাগে কোন কৃষি কলেজ না থাকায় এই বিভাগের ছাত্র-ছাত্রীরা কৃষি শিক্ষা হইতে তুলনামূলকভাবে অনেক দূরে সরিয়া রহিয়াছে। যে তিনটি কৃষি কলেজ ও একটি কৃষি বিশ্ববিদ্যালয় আছে তাহাও চট্টগ্রাম বিভাগ হইতে অনেক দূরে অবস্থিত। তাই কর্তৃপক্ষের নিকট আবেদন, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র ও কৃষি প্রশিক্ষায়তন ইনষ্টিটিউট, হাটহাজারীর নিকটবর্তী স্থানে একটি কৃষি কলেজ স্থাপন করিলে চট্টগ্রাম বিভাগের ছাত্র-ছাত্রীদের মধ্যে গবেষণাসহ কৃষি শিক্ষা প্রসার লাভ করিবে।

সুনীল কান্তি নাথ
মির্জাপুর, হাটহাজারী,
চট্টগ্রাম।